

সফটওয়্যারের কারুকাজ

হারানো ডিভাইস ট্র্যাক করা

মাইক্রোসফট উইন্ডোজ ১০-কে এমনভাবে ডিজাইন করা হয়েছে যাতে স্মার্টফোন, ট্যাবলেট, ল্যাপটপ ও ডেস্কটপ জুড়ে কাজ করতে পারে এবং খুব সহজে ডিভাইসগুলোর মাঝে সুইচ করতে পারলেও আইটেমগুলো একত্রে লিঙ্ক করতে পারে।

কন্টিনাম ফাংশন হারিয়ে যাওয়া আইটেমকে ট্র্যাক করার কাজ সহজ করে দিয়েছে, যেহেতু উইন্ডোজ ১০ ডিভাইস সেন্ট্রাল হাব হিসেবে আচরণ করে, যা সবশেষ মিসপ্লেস হওয়া ডিভাইসের জানা লোকেশন প্রদর্শন করতে সক্ষম।

Find My Device টুল খুঁজে পেতে পারেন Start → Settings → Update & Security → Find My Device-এ ক্লিক করার মাধ্যমে।

এবার Change বাটনে ক্লিক করুন এবং Save my device's location periodically অপশন এনাবল করলে হয় আপনাকে মাইক্রোসফট অ্যাকাউন্টে লগইন করার সুযোগ দেবে অথবা account.microsoft.com/devices-এ মনোনীবেশ করার সুযোগ দেবে, যাতে উইন্ডোজ ১০ ডিভাইসের সবশেষ জানা লোকেশন দেখতে পান।

স্টার্ট মেনু পরিষ্কার ও রিসাইজ করা

উইন্ডোজ ১০-এ স্টার্ট বারসহ বেশ কিছু জনপ্রিয় ফিচার ফিরিয়ে আনা হয়েছে, যা উইন্ডোজের আগের ভার্সনগুলোতে অবমুক্ত করা হয়। এটি ধারণ করে সব শর্টকাট ও প্রোগ্রাম, যেগুলো এক জায়গায় আপনার দরকার।

তবে কখনও কখনও এটি বিশৃঙ্খল হয়ে যেতে পারে এবং কাজক্ষত অ্যাপ খুঁজে পেতে আপনাকে অনেক অপশনের মাধ্যমে খোঁজ করতে হবে।

এবার Settings → Personalisation → Start-এ ক্লিক করলে আপনাকে সুযোগ দেবে বেশ কিছুসংখ্যক অ্যাপ এবং আইকন ট্রিম করার জন্য, যেগুলো স্টার্ট বারে দেখতে পান।

যদি এর বিপরীত কাজ করতে চান এবং স্টার্ট বারে দেখা যায় এমন আইকন এক্সপান্ড করতে চান, তাহলে মাউসকে এজের ওপর হোভার করুন যতক্ষণ পর্যন্ত না এক্সপান্ড আইকন দেখা যায়। এটি আপনাকে উইন্ডোকে যেকোনো সাইজে ড্র্যাগ করার সুযোগ দেবে।

লোকাল অ্যাকাউন্ট তৈরি করা

যদি আপনি ওয়ানড্রাইভ সিনক্রোনাইজ করা অ্যাকাউন্টের সুবিধা নিতে না চান, তৈরি করতে পারেন স্ট্যান্ডআলোন অফলাইন অ্যাকাউন্ট। এবার মনোনীবেশ করুন Start → Settings → Accounts-এ এবং Sign in with a local account instead লিঙ্কে ক্লিক করুন।

কন্ট্যাক্ট সাপোর্ট

যদি একটি উইন্ডোজ অ্যাপ সেটআপের সহায়তার জন্য অথবা কোনো ইস্যুর মুখোমুখি হওয়ার দরকার হয়, তাহলে Start → All apps মেনুর অন্তর্গত কন্ট্যাক্ট সাপোর্ট (Contact

Support) অ্যাপ ব্যবহার করতে পারেন। এ অ্যাপ কমিউনিটি ফোরামে আপনার টেকনিক্যাল সমস্যা সংশ্লিষ্ট ডিসকাশন খুঁজে পেতে সহায়তা করবে।

ফিরোজ আহমেদ
দক্ষিণ মুগদা, ঢাকা

স্টার্ট স্ক্রিনে সুইচ করা

যদি স্টার্ট মেনুতে অধিকতর আইটেম পিন করতে চান, তাহলে এটি সম্পূর্ণ স্ক্রিনে বিস্তৃত করতে পারবেন। এবার মনোনীবেশ করুন Start → Settings → Personalisation → Start-এ এবং টোগাল করুন Use full-screen Start when in the desktop অপশন।

লাইভ টাইলস বন্ধ করা

যদি আপনি অবিরত আপডেট ও টাইলসের পরিবর্তনের মাধ্যমে বিক্ষিপ্ত হয়ে পড়েন, তাহলে তাদের আপডেট ডিসপ্লে করার সক্ষমতাকে বন্ধ করে দিতে পারেন। এজন্য সেগুলোতে ডান ক্লিক করে Turn live tile off সিলেক্ট করুন।

সবচেয়ে ব্যবহৃত সেটিং পিন করা

আপনি ইচ্ছে করলে স্টার্ট মেনুতে শর্টকাট, ফাইল ও ফোল্ডার পিন করতে পারবেন। এজন্য কাজক্ষত আইটেমে ডান ক্লিক করে সিলেক্ট করুন Pin to Start অপশন। এটি তাৎক্ষণিকভাবে স্টার্ট মেনুর ডান দিকে আইটেমকে পিন করবে।

টাইলসের নাম ও আইকন পরিবর্তন করা

এ কাজ করার জন্য নন-মডার্ন অ্যাপের একটি টাইলসে ডান ক্লিক করুন এবং সিলেক্ট করুন Open file location অপশন।

এটি ওপেন করবে প্রোগ্রাম ফোল্ডার। এবার শর্টকাটের রিনেম করার জন্য F2 চাপুন। এর আইকন পরিবর্তন করার জন্য শর্টকাটে ডান ক্লিক করে মনোনীবেশ করুন Properties → Change Icon-এ।

টাইলস অপসারণ করা

যদি স্টার্ট মেনুতে আপনার টাইলসের কোনো দরকার না হয়, তাহলে প্রতিটি টাইলস অপসারণ করে দিতে পারেন আইটেমে ডান ক্লিক করে Unpin from Start অপশন সিলেক্ট করার মাধ্যমে।

স্টার্ট মেনু থেকে অ্যাপস আনইনস্টল করা

আধুনিক বা গতানুগতিক স্টার্ট মেনুতে ডেস্কটপ অ্যাপে ডান ক্লিক করে পপআপ মেনু থেকে Uninstall সিলেক্ট করুন পিসি থেকে অ্যাপ অপসারণ করার জন্য।

জি কে নাথ
নীলক্ষেত্র, ঢাকা

ক্যুইক অ্যাক্সেসকে কাস্টোমাইজ করা

ক্যুইক অ্যাক্সেস অনুমোদন করে ফেভারিট ফোল্ডার এবং অতিসম্প্রতি ব্যবহৃত ফাইলে তাৎক্ষণিকভাবে জাম্প করা। এর কনটেন্টকে কাস্টোমাইজ করার জন্য এক্সপ্লোরারে View ট্যাবে সুইচ করে Options-এ ক্লিক করুন।

লক্ষণীয়, General ট্যাবের নিচে আরও কিছু

অপশন পাবেন নির্দিষ্ট কিছু তথ্য প্রদর্শনের জন্য।

পাওয়ার ইউজার মেনু কাস্টোমাইজ করা
পাওয়ার ইউজার মেনু রিঅর্গানাইজ করা বা এন্ট্রি অপসারণ করার জন্য নেভিগেট করুন C:\Users\\AppData\Local\Microsoft\Windows\WinX।

এখানে আপনাকে নোটিস করা হবে তিনটি ফোল্ডার, যা ধারণ করে পাওয়ার ইউজার মেনুর এন্ট্রি। আপনি সেগুলো সরাতে পারেন বা অপসারণ করতে পারেন, যাতে আপনার ওয়ার্কফ্লোর সাথে মানানসই হয়।

ডিজ্যাবল করুন নতুন ব্যাটারি ফ্লাইআউট

টাস্কবারে পুরনো ব্যাটারি ডিসপ্লে ফিরিয়ে আনার জন্য রেজিস্ট্রি এডিটরে HKEY_LOCAL_MACHINE\Software\Microsoft\Windows\CurrentVersion\ImmersiveShell key-এ নেভিগেট করুন।

এরপর নতুন DWORD ভালু তৈরি করে নাম দিন UseWin32BatteryFlyout এবং ভ্যালুকে ১-এ সেট করুন।

ওয়ানড্রাইভ লিঙ্ক অপসারণ করা

এক্সপ্লোরারে ওয়ানড্রাইভ লিঙ্ক অপসারণ করার জন্য রেজিস্ট্রি এডিটর চালু করে মনোনীবেশ করুন HKEY_CLASSES_ROOT\CLSID\{018D5C66-4533-4307-9B53-224DE2ED1FE6}-এ। এরপর ডান দিকের প্যানে System.IsPinned To Name SpaceTree ভেরিয়েবলের ভ্যালুকে পরিবর্তন করে ০-তে সেট করুন।

আমজাদ হোসেন
আম্বরখানা, সিলেট

কারুকাজ বিভাগে লিখুন

কারুকাজ বিভাগের জন্য প্রোগ্রাম ও সফটওয়্যার টিপস বা টুকিটাকি লিখে পাঠান। লেখা এক কলামের মধ্যে হলে ভালো হয়। সফট কপি সহ প্রোগ্রামের সোর্স কোডের হার্ড কপি প্রতি মাসের ২০ তারিখের মধ্যে পাঠাতে হবে।

সেরা ৩টি প্রোগ্রাম/টিপসের লেখককে যথাক্রমে ১,০০০, ৮৫০ ও ৭০০ টাকা পুরস্কার দেয়া হয়। সেরা ৩ টিপস ছাড়াও মানসম্মত প্রোগ্রাম/টিপস ছাপা হলে তার জন্য প্রচলিত হারে সম্মানী দেয়া হয়। প্রোগ্রাম/টিপসের লেখকদের নাম কমপিউটার জগৎ-এর বিসিএস কমপিউটার সিটি অফিস থেকেও জানা যাবে। পুরস্কার কমপিউটার জগৎ-এর বিসিএস কমপিউটার সিটি অফিস থেকে সংগ্রহ করতে হবে। সংগ্রহের সময় অবশ্যই পরিচয়পত্র দেখাতে হবে এবং পুরস্কার চলতি মাসের ৩০ তারিখের মধ্যে সংগ্রহ করতে হবে।

এ সংখ্যায় প্রোগ্রাম/টিপসের জন্য প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় হয়েছেন যথাক্রমে- ফিরোজ আহমেদ, জি কে নাথ ও আমজাদ হোসেন।